

ডায়াহিল

শর্করায়ুক্ত বহুমূত্র রোগ নিয়ন্ত্রণে কার্যকর

বর্ণনা :

ডায়াহিল ক্যাপসুল ডায়াবেটিস রোগে ফলপ্রদ। প্যানক্রিয়াসের যে অংশের ত্রুটি জনিত কারণে স্বাভাবিক পরিমাণ ইনসুলিন নিঃসরণ হ্রাস পায় ডায়াহিল সে অংশের ত্রুটি দূর করে স্বাভাবিক ইনসুলিন নিঃসরণে সহায়তা করে। ডায়াহিলে ব্যবহৃত গুড়মার বুটির প্রধান সক্রিয় উপাদান জিমনিক এসিড, ক্যালসিয়াম অক্সালেট এবং এন্টিস্যা কারাইন প্রপার্টি সমূহ প্রানীর রক্তে শর্করার পরিমাণ কমিয়ে দেয় এবং প্যানক্রিয়াসকে ইনসুলিন নিঃসরণের জন্য উদ্বুদ্ধ করে। ইহা শর্করা যুক্ত বহুমূত্রে চিনির পরিমাণ অবশ্যই কমিয়ে দেয়। এছাড়া রেউচিনি রক্তে শর্করা নিয়ন্ত্রণ করে। বৈজ্ঞানিকদের মতে আদায় একশত এর বেশী প্রাইমারি এবং সেকেন্ডারি মেটাবলাইটস আছে যা বিভিন্ন রোগ প্রতিরোধে খুবই কার্যকরী। সালাজিত শরীরের ইমিউনিটি বাড়াতে সাহায্য করে এবং এন্টি ডাইইউরেটিক হিসেবে কাজ করে। জাম বীজে উপস্থিত জাম্বোলাইন ও জাম্বোসাইন নামক পদার্থ রক্তে শর্করার মাত্রা কমাতে সাহায্য করে এবং ইনসুলিনের মাত্রা নিয়ন্ত্রণ করে। এছাড়া জাম হল অ্যাসট্রিনজেন্ট অ্যান্টি-ডাইইউরেটিক যা ঘন ঘন মূত্রত্যাগ কমাতে সাহায্য করে। হাইপোগ্লাইসেমিক গুণ আছে যা রক্তে শর্করার মাত্রা কমাতে সাহায্য করে এবং অ্যান্টিঅক্সিডেন্টে পূর্ণ যা ডায়াবেটিসে উপকারী।

উপাদান :

প্রতি ক্যাপসুল এ আছে

জিমনেমা সিলভাসট্রি

১২১.৫ মিগ্রা

টিনোস্পেরা করডিফোলিয়া স্টার্চ

৮১.০০ মিগ্রা

সাইথিজিয়াম কিউমিনি

৮১.০০ মিগ্রা

রেউম এমোডি

৬০.৭৫ মিগ্রা

এসফাল্ট

১০.১২৫ মিগ্রা

ও অন্যান্য উপাদান

(সূত্র : সফূফ গুড়মার, বা.জা.ই.ফ)

ইউনানী ঔষধ

রোগ নির্দেশ :

শর্করায়ুক্ত বহুমূত্র।

মাত্রা ও সেবনবিধি :

১-২ টি করে ক্যাপসুল দিনে ২ বার অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

পার্শ্ব প্রতিক্রিয়া :

নির্ধারিত মাত্রায় সেবনে কোন পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি।

সতর্কতা ও পরামর্শ :

ঠান্ডা ও আর্দ্র খাবার ডায়াবেটিস রোগীদের জন্য ভাল। সর্ব প্রকারের মিষ্টিজাত দ্রব্য এবং বেশী পরিমাণে কার্বোহাইড্রেট জাতীয় খাবার পরিহার করতে হবে। গর্ভাবস্থায় ও দুগ্ধদানকারী মায়ের ক্ষেত্রে অবশ্যই চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

পরিবেশনা :

৩x১০ ক্যাপসুল এ্যালু-এ্যাল ব্লিস্টার বক্স।

সংরক্ষণ :

আলো ও আর্দ্রতা থেকে দূরে, ঠান্ডা ও শুষ্ক স্থানে রাখুন।

সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।



Neptune Laboratories Ltd.
Gazipur-Bangladesh